

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

স্মারক-৪৬.০৪.০০০০.০০০.১০৩.৯৯.০০০১.২৬.৫৬

তারিখঃ ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেম (BDRIS) এর অধিকতর নিরাপত্তা বৃদ্ধির নিমিত্ত গত ২১ নভেম্বর, ২০২৫ তারিখ হতে অদ্য ২৩/০২/২০২৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র নিবন্ধন কার্যালয় হতে মৃত্যু নিবন্ধন আবেদন কার্যক্রম চলমান ছিল। পাবলিক সাইট হতে অনলাইনে মৃত্যু নিবন্ধন আবেদন কার্যক্রম সাময়িক স্থগিত থাকায় আবেদনকারীগণ-কে সংশ্লিষ্ট নিবন্ধন কার্যালয়ের নিবন্ধন সহকারীর (Authorized User) ইউজার আইডি হতে মৃত্যু নিবন্ধন আবেদন করতে হতো। অনলাইনে মৃত্যু নিবন্ধন আবেদন কার্যক্রম কখনোই বন্ধ ছিল না।

মৃত্যু নিবন্ধনের তথ্য (নভেম্বর, ২০২৫ হতে ২৩ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত):

বছর	মাস	মৃত্যু নিবন্ধনের আবেদন	মৃত্যু নিবন্ধন	মৃত্যু নিবন্ধন তথ্য সংশোধন আবেদন	মৃত্যু নিবন্ধন সনদ পুনঃমুদ্রণ
২০২৫	নভেম্বর	৯৩০৫৯	৮৯৯৩৭	৯৭৭	৪৩৯৭
	ডিসেম্বর	৮৩৯০১	৮২১৯৮	৮৪৪	২৭৭১
২০২৬	জানুয়ারি	৮৩১৮১	৮১০১৬	৮৫৭	২৮৫৫
	ফেব্রুয়ারি (২৩/০২/২০২৬ তারিখ পর্যন্ত)	৪৯৭৫৯	৪৫০৩২	৫২৫	১৩৮৭

২। উল্লেখ্য যে, পাবলিক সাইট হতে মৃত্যু নিবন্ধন আবেদন কার্যক্রম পুনরায় চালু করা হয়েছে। আবেদনকারীগণ এখন নিজেই <https://bdris.gov.bd>-এ প্রবেশ করে মৃত্যু নিবন্ধন আবেদন সম্পন্ন করতে পারবেন।

Rolad
২৩/০২/২০২৬

সামিউল ইসলাম রাহাদ
সহকারী রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২৪১০৫২২৬৫
ই-মেইল: arg.ict@orgbdr.gov.bd